# ভারতের সঙ্গে নতুন কার্যকর সম্পর্ক চায় বাংলাদেশ: পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

ভারতের সঙ্গে বাংলাদেশ নতুন ও কার্যকর সম্পর্ক গড়ে তুলতে চায় বলে জানিয়েছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী হুমায়ুন কবির। ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে বহুপাক্ষিক ফোরামের বাইরে দ্বিপক্ষীয় বৈঠকে বাংলাদেশ আগ্রহী বলেও জানান তিনি।

রোববার (১৩ সেপ্টেম্বর) দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে এসব কথা বলেন প্রতিমন্ত্রী।

হুমায়ুন কবির বলেন, ভারত গুরুত্বপূর্ণ প্রতিবেশী হলেও বাংলাদেশের পররাষ্ট্রনীতি কোনো একক দেশকে ঘিরে পরিচালিত হবে না। প্রয়োজন ও সুযোগ অনুযায়ী দ্বিপক্ষীয় কিংবা বহুপক্ষীয় বিভিন্ন ফোরামে সংশ্লিষ্ট দেশগুলোর সঙ্গে যোগাযোগ করা হবে।

সীমান্তে দুই বাংলাদেশিকে ধরে নিয়ে যাওয়ার বিষয়ে তিনি বলেন, কূটনৈতিক যোগাযোগের মাধ্যমে ভারতের সঙ্গে বিষয়টি সমাধানের চেষ্টা করা হবে। আন্তর্জাতিক সীমান্ত আইন ও বিদ্যমান প্রটোকল অনুসরণ করেই বাংলাদেশ বিষয়টি মোকাবিলা করবে।

LENS ASIA

ভারতের সঙ্গে করা বিভিন্ন চুক্তি বাতিলের বিষয়ে জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, চুক্তিগুলো যাচাই-বাছাই চলছে। সংসদীয় কমিটিও বিষয়গুলো পর্যালোচনা করছে।

জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিতে আগামী ২১ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর যুক্তরাষ্ট্র সফর প্রসঙ্গে তিনি বলেন, সফরের প্রধান উদ্দেশ্য জাতিসংঘের বহুপক্ষীয় ফোরামে বাংলাদেশের অবস্থান ও অগ্রাধিকার তুলে ধরা। সেখানে বিভিন্ন দেশের নেতাদের সঙ্গে বৈঠকের সুযোগ তৈরি হতে পারে। তবে কোন নেতার সঙ্গে কখন বৈঠক হবে, তা আগাম নির্দিষ্ট করে বলা সম্ভব নয়। বৈঠক চূড়ান্ত হলে তা গণমাধ্যমকে জানানো হবে।

রোহিঙ্গা সংকট নিয়ে জাতিসংঘের অধিবেশনের ফাঁকে একটি সাইডলাইন বৈঠক আয়োজন করবে বাংলাদেশ বলেও জানান হুমায়ুন কবির। তিনি বলেন, রোহিঙ্গা ইস্যুতে এই বৈঠক বাংলাদেশের জন্য গুরুত্বপূর্ণ।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে প্রধানমন্ত্রীর সম্ভাব্য বৈঠক নিয়ে প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, সফরের মূল লক্ষ্য জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে অংশ নেওয়া। এর বাইরে বিভিন্ন বৈঠক সফরসূচিতে যুক্ত হতে পারে। কোনো বৈঠক চূড়ান্ত হলে তা জানানো হবে।